

ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো'আ সমূহ (الدعوات في الأوقات) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

২১. (ক) পিতামাতার জন্য দো'আ

২১. (ক) পিতামাতার জন্য দো'আ:

'রব্বীরহামহুমা কামা রববাইয়া-নী ছগীরা' (হে আমার প্রতিপালক! তুমি তাদের উপরে দয়া কর, যেমন তারা আমাকে ছোটকালে দয়ার সাথে প্রতিপালন করেছিলেন)' (ইসরা ১৭/২৪)। কুরআনের আয়াত হওয়ার কারণে দো'আটি সিজদায় পড়া যাবে না। তবে শেষ বৈঠকে দো'আয়ে মাছূরাহর পরে পড়া যাবে।

রব্বানাগফিরলী ওয়ালিওয়া-লিদাইয়া ওয়া লিলমু'মিনীনা ইয়াউমা ইয়াকূমুল হিসা-ব' (হে আমাদের প্রতিপালক! আমাকে, আমার পিতামাতাকে ও মুমিনদেরকে ক্ষমা কর, যেদিন হিসাব কায়েম হবে' (ইবরাহীম ১৪/৪১)। আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, নিশ্চয়ই আল্লাহ জান্নাতে তার নেককার বান্দাদের মর্যাদার স্তর উন্নীত করবেন। তখন বান্দা বলবে, হে আল্লাহ! কেন এটা আমার জন্য করা হচ্ছে? জবাবে আল্লাহ বলবেন, তোমার জন্য তোমার সন্তানের ক্ষমা প্রার্থনার কারণে (كَا لَكُ لَكُ اللهُ ال

ফুটনোট

[136] . আহমাদ, ইবনু মাজাহ, মিশকাত হা/২৩৫৪ ' দো'আ সমূহ' অধ্যায়-৯, 'ক্ষমা প্রার্থনা ও তওবা' অনুচ্ছেদ-৪; ছহীহাহ হা/১৫৯৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9280

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন